রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৭, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে নভেম্বর, ২০০০/১৩ই অগ্রহায়ণ, ১৪০৭

এস, আর, ও, নং ৩৪৭-আইন/২০০০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক রাষ্ট্রপতি, বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **বিধিমালার নাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা ফেব্রুয়ারী, ১৯৭৮ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অ-শিক্ষক কর্মচারী"** অর্থ জাতীয়করণকৃত কলেজের এমন কর্মচারী, যিনি দফা (জ) এর সংজ্ঞা অনুযায়ী উক্ত কলেজের শিক্ষক নহেন ;

(খ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন;

(গ) **"কার্যকর চাকুরীকাল"** অর্থ জাতীয়করণকৃত কলেজে কোন শিক্ষক বা অ-শিক্ষক কর্মচারী জাতীয়করণের অব্যবহিত পূর্বে একাদিক্রমে যে মেয়াদে চাকুরী করিয়াছেন উহার ৫০% ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কলেজে কোন শিক্ষক জাতীয়করণের অব্যবহিত পূর্বে একাদিক্রমে ৪(চার) বৎসরের কম চাকুরী করিয়া থাকিলে উক্ত চাকুরীকাল কার্যকর চাকুরীকাল হিসাবে গণ্য হইবে না;

(ঘ) **"ক্যাডার"** অর্থ Bangladesh Civil Service (General Education);



মূল্য ঃ টাকা ২.০০

(ঙ) **"জাতীয়করণকৃত কলেজ"** অর্থ এমন কোন কলেজ যাহার পরিচালনা পরিষদ উক্ত কলেজ পরিচালনার কর্তৃত্বসহ উহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি সরকারের নির্দেশানুসারে সরকারের অনুকূলে রেজিষ্ট্রিকৃত দলিলবলে হস্তান্তর করিয়াছে এবং সরকার কলেজটির দায়িত্ব গ্রহণ করিয়াছে;

(চ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ—

(অ) সকল এডহক নিয়োগ প্রদান এবং অ-শিক্ষক কর্মচারীর নিয়োগ নিয়মিতকরণের ক্ষেত্রে, সরকার বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা;

(আ) কোন শিক্ষকের এডহক নিয়োগ নিয়মিতকরণের ক্ষেত্রে রাষ্ট্রপতি;

(ছ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ—

(অ) কোন শিক্ষকের ক্ষেত্রে, ক্যাডারের প্রভাষক পদে নিয়োগের জন্য প্রযোজ্য নিয়োগ বিধিতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা; এবং

(আ) অ-শিক্ষক কর্মচারীর ক্ষেত্রে, সরকারী কলেজের সমমানের পদের জন্য প্রযোজ্য নিয়োগ বিধিতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা;

(জ) **"শিক্ষক"** অর্থ কোন জাতীয়করণকৃত কলেজের এমন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রভাষক বা তদুর্দ্ধ পদধারী কোন শিক্ষক যিনি জনশিক্ষা পরিচালক বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক উক্ত কলেজে নিয়োগের ব্যাপারে জারীকৃত নিয়োগ নিষেধাজ্ঞা আরোপ করার পূর্বে অথবা অনুরূপ নিষেধাজ্ঞা আরোপের পর উক্ত পরিচালক বা মহা-পরিচালকের অনুমোদনক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া অব্যাহতভাবে উক্ত কলেজে কর্মরত আছেন বা ছিলেন।

৩। **এডহক ভিত্তিতে শিক্ষক নিয়োগ।**—(১) সংস্থাপন মন্ত্রণালয় হইতে জারীকৃত এডহক ভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরণ বিধিমালা, ১৯৯৪ এর বিধি-৮ এ যাহা কিছুই থাকুক না কেন জাতীয়করণকৃত কলেজের কোন শিক্ষকের প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে, বিধি ৫ এর বিধান সাপেক্ষে, নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে ক্যাডারের প্রভাষক পদে এডহক ভিত্তিতে নিয়োগ করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে এডহক ভিত্তিতে নিয়োগকৃত শিক্ষক ক্যাডারের প্রভাষক পদের জন্য নির্ধারিত স্কেলে বেতন ও ভাতাদি পাইবেন, এবং উক্ত স্কেলে বেতন নির্ধারণের উদ্দেশ্যে তাহার কার্যকর চাকুরীকাল ক্যাডারের প্রভাষক পদের চাকুরীকাল বলিয়া গণ্য হইবে; তবে উক্ত চাকুরীকাল ক্যাডারের নিয়োগবিধির অধীনে নিয়োগকৃত কোন প্রভাষকের সহিত পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের উদ্দেশ্যে বিবেচনা করা যাইবে না।

৪। **এডহক ভিত্তিতে অ-শিক্ষক কর্মচারী নিয়োগ।**—(১) বিধি ৩(১) এ উল্লিখিত বিধিমালার বিধি ৮ এ যাহা কিছুই থাকুকনা কেন, জাতীয়করণকৃত কলেজের কোন অ-শিক্ষক কর্মচারীর প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে, বিধি ৫ এর বিধান সাপেক্ষে, নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে কলেজটি জাতীয়করণ করার অব্যবহিত পূর্বে তিনি যে পদে কর্মরত ছিলেন সেই পদে বা সমমানের অন্য কোন পদে এডহক ভিত্তিতে নিয়োগ করিবে।

(২) প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী নহেন এমন কোন অ-শিক্ষক কর্মচারীকে কলেজটি জাতীয়করণ করার অব্যবহিত পূর্বে তিনি যে পদে কর্মরত ছিলেন সেই পদের এক ধাপ নিম্নতর পদে, যদি থাকে, এডহক ভিত্তিতে নিয়োগ করা হইবে।

(৩) উপ-বিধি (১) বা ক্ষেত্রমত উপ-বিধি (২) অনুসারে এডহক ভিত্তিতে নিয়োগকৃত অ-শিক্ষক কর্মচারী যে পদে নিযুক্ত হন সেই পদের জন্য নির্ধারিত স্কেলে বেতন ও ভাতাদি পাইবেন এবং উক্ত স্কেলে বেতন নির্ধারণের উদ্দেশ্যে তাহার কার্যকর চাকুরীকাল তিনি যে পদে নিযুক্ত হইয়াছেন সেই পদের চাকুরীকাল বলিয়া গণ্য হইবে।

৫। **এডহক নিয়োগে বাধা-নিষেধ** ।—কোন ব্যক্তি এই বিধিমালার অধীন এডহক নিয়োগের জন্য যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা না হন ;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন ;

(গ) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিক্যাল বোর্ড অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন মেডিক্যাল অফিসার সংশ্লিষ্ট পদের জন্য তাহাকে স্বাস্থ্যগতভাবে যোগ্য বলিয়া প্রত্যয়ন না করেন ;

(ঘ) যথাযোগ্য কর্তৃপক্ষের বা সংস্থা কর্তৃক উক্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ তদন্তের ফলে দেখা যায় যে, তিনি প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের অযোগ্য ;

(ঙ) এডহক নিয়োগের তারিখে তাহার বয়স সরকারী কর্মচারীর অবসর গ্রহণের বয়সের বেশী হয়।

৬। **চাকুরী নিয়মিতকরণ ইত্যাদি** ।—(১) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এবং প্রযোজ্য অন্যান্য আইন অনুসারে কমিশনের আওতাভুক্ত পদে, কমিশনের সুপারিশ ব্যতীত, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন এডহক নিয়োগ নিয়মিত করিবে না।

(২) এডহকভিত্তিতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে এবং তাহার এডহক নিয়োগ পরবর্তী চাকুরীকাল সন্তোষজনক হইলে কমিশন উহার সুপারিশ প্রদান করিবে।

(৩) কমিশনের আওতাবহির্ভূত পদে এডহক নিয়োগ প্রয়োজনীয় যোগ্যতারভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়মিত করিবে।

(৪) কোন ব্যক্তির এডহক নিয়োগ নিয়মিত করা না হইলে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে আর চাকুরীতে বহাল থাকিবেন না, তবে প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে এডহকভিত্তিতে নিয়োজিত শিক্ষককে সরকার ক্যাডারবহির্ভূত প্রভাষক পদে নিয়োজিত রাখিতে পারিবে এবং তাহার চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৫) এই বিধি অনুসারে কোন ব্যক্তির এডহক নিয়োগ নিয়মিত করা হইলে সংশ্লিষ্ট পদে তাহার আত্মীকরণ সম্পন্ন হইবে এবং শিক্ষকের ক্ষেত্রে নিয়মিতকরণের আদেশ প্রদানের তারিখে তিনি ক্যাডারভুক্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

৭। **শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীর জ্যেষ্ঠতা, পদোন্নতি ইত্যাদি** ।—(১) কোন শিক্ষকের এডহক নিয়োগ বিধি ৬ এর অধীনে নিয়মিত হইলে নিয়মিতকরণের আদেশ প্রদানের তারিখ হইতে ক্যাডারের প্রভাষক পদে তাহার জ্যেষ্ঠতা গণনা করা হইবে এবং উক্ত তারিখের অব্যবহিত পূর্বে ক্যাডারের প্রভাষক পদে নিয়োগকৃত সর্বশেষ কর্মকর্তার নিম্নে উক্ত শিক্ষকের অবস্থান নির্ধারিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ প্রভাষকের বেতন আত্মীকৃত শিক্ষকের কার্যকর চাকুরীকালের ভিত্তিতে নির্ধারিত বেতন অপেক্ষা কম হইলে এই উপ-বিধির অধীনে নির্ধারিত জ্যেষ্ঠতার কারণে উক্ত প্রভাষক আত্মীকৃত শিক্ষকের সমান বেতন দাবী করিতে পারিবেন না।

(২) এডহক নিয়োগ নিয়মিত হওয়ার পর আত্মীকৃত শিক্ষকগণের পারস্পরিক জ্যেষ্ঠতা তাহাদের স্ব স্ব কার্যকর চাকুরীকালের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে এবং সমান কার্যকর চাকুরীকালের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত মানদন্ড (criteria) অনুসরণক্রমে উক্ত জ্যেষ্ঠতা নির্ধারণ করা হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন নির্ধারিত জ্যেষ্ঠতারভিত্তিতে, ক্যাডারের নিয়োগ বিধির শর্তপূরণ সাপেক্ষে, আত্মীকৃত শিক্ষকগণ পদোন্নতি এবং প্রযোজ্য আইন অনুসারে টাইম স্কেল ও অন্যান্য আর্থিক সুবিধাদি পাইবেন।

(৪) আত্মীকৃত অ-শিক্ষক কর্মচারীর কার্যকর চাকুরীকাল সরকারী চাকুরীকাল বলিয়া গণ্য হইবে এবং তদনুসারে সরকারী কলেজে কর্মরত অন্যান্য সমমানের কর্মচারীগণের সহিত তাহার পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে, এবং উর্দ্ধতন পদে পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য নিয়োগ বিধির শর্তপূরণ সাপেক্ষে তাহাকে পদোন্নতি এবং প্রযোজ্য আইন অনুসারে টাইম স্কেল ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করা হইবে।

৮। **পেনশন ইত্যাদি ।**—কোন শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীর পেনশনযোগ্য চাকুরীকাল নির্ধারণের উদ্দেশ্যে তাঁহার এডহক নিয়োগের পরবর্তী চাকুরীকাল এবং কার্যকর চাকুরীকাল গণনা করা হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত ।**—(১) জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ১৯৯৮ এতদ্বারা রহিত করা হইল।

(২) এই বিধিতে ভিন্নতর যাহাই থাকুক না কেন, জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ১৯৯৮ এবং উক্ত বিধিমালা দ্বারা রহিতকৃত The Teachers and Non-Teaching Staff of Nationalised Colleges (Directorate of Public Instruction) Absorption Rules, 1981 এর অধীন আত্মীকৃত শিক্ষক এই বিধিমালা কার্যকর হওয়ার পূর্বে যে জ্যেষ্ঠতা, পদোন্নতি ও আর্থিক সুবিধাদি পাইয়াছেন বা পাওয়ার অধিকারী তাহা বলবৎ থাকিবে এবং তাহাদের স্ব স্ব কার্যকর চাকুরীকাল ও সরকারী চাকুরীকালের ভিত্তিতে ক্যাডারে কর্মরত অন্যান্য শিক্ষকগণের সহিত তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে এবং এই জ্যেষ্ঠতার ভিত্তিতে আত্মীকৃত শিক্ষকগণ পরবর্তীতে পদোন্নতি, টাইম স্কেল ও অন্যান্য আর্থিক সুবিধা পাইবেন।

(৩) এই বিধিমালা জারীর পূর্বে জাতীয়করণকৃত কোন কলেজের শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারীর নিয়োগ নিয়মিত না হইয়া থাকিলে, উক্ত নিয়োগ নিয়মিতকরণ এবং আনুসঙ্গিক বিষয়ে এই বিধিমালা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**কাজী রকিবউদ্দীন আহমদ**
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।